যুগান্তর

তারিখ 10 OCT 2017 পৃষ্ঠা ১৭ কলাম ২

স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা

# জাতীয়করণের দাবিতে আলটিমেটাম : প্রধানমন্ত্রীকে স্মারকলিপি

**যুগান্তর রিপোর্ট**

মাদ্রাসা শিক্ষা বোর্ডের রেজিস্ট্রেশনপ্রাপ্ত স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা জাতীয়করণে আড়াই মাসের আলটিমেটাম দিয়েছেন এসব প্রতিষ্ঠানের শিক্ষকরা। আগামী ৩১ ডিসেম্বরের মধ্যে এ দাবি বাস্তবায়ন না করলে কঠোর আন্দোলনে যাবেন তারা। সোমবার জাতীয় প্রেস ক্লাবের সামনে এক মানববন্ধনকালে বক্তৃতায় এ হুশিয়ারি দেয়া হয়। বাংলাদেশ স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা শিক্ষক সমিতির ব্যানারে ওই মানববন্ধন অনুষ্ঠিত হয়। পরে তারা প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি দেন। সমিতির সভাপতি কাজী রুহুল আমিন চৌধুরীর সভাপতিত্বে মানববন্ধনে প্রধান অতিথির বক্তৃতা করেন আওয়ামী লীগের উপ-কমিটির সহসম্পাদক ও সংগঠনটির প্রধান উপদেষ্টা সাগর আহমেদ শাহীন। অন্যদের মধ্যে মহাসচিব কাজী মোখলেছুর রহমান, শিক্ষক নেতা তাজুল ইসলাম ফরাজী, আবু মুসা ভুইয়া, মুফতি মাসুম বিল্লাহ, হাফেজ আনোয়ার হোসাইন জুয়েল, শামসুল আলম, ইনতাজ বিন হাকিম প্রমুখ বক্তৃতা করেন। কর্মসূচিতে ঢাকার বাইরে থেকে আসা কয়েকশ' শিক্ষক যোগ দেন। সমাবেশে বক্তারা জানান, একই সরকারি পরিপত্রের আলোকে বেসরকারি প্রাথমিক স্কুল ও স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা গড়ে উঠে। এর মধ্যে ২০১৩ সালে মহাজোট সরকার একযোগে ২৬ হাজার ১৯৩টি বেসরকারি স্কুল জাতীয়করণ করেছে। কিন্তু ইবতেদায়ী মাদ্রাসা অবহেলিত রয়ে গেছে। অথচ উভয় ধরনের প্রতিষ্ঠান এ দেশের নাগরিকের সন্তানদেরই মানুষ করছে।